

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৭০

খোয়াই, ১৭ মে, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
ভোট গণনা নিয়ে খোয়াই জেলায় সভা

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনে ভোট গণনা নিয়ে  
আজ খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়।  
সভায় সভাপতিত্ব করেন জেলাশাসক চান্দনী চন্দন। সভায় জেলাশাসক নির্বাচন  
কমিশনের গাইডলাইন অনুযায়ী ভোট গণনার কাজ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন  
করার উপর গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত ছিলেন খোয়াই জেলার  
অতিরিক্ত জেলাশাসক কেশব কর, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী,  
খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা  
শাসক শীর্ষেন্দু দেববর্মা, অতিরিক্ত পুলিশ সুপার প্রবীর পাল, তেলিয়ামুড়া মহকুমা  
পুলিশ আধিকারিক সুধান্বিকা আর প্রমুখ।

\*\*\*\*\*